মেহেরপুর জেলা জাতীয় পার্টির উদ্যোগে শীতবস্ত বিতরণ

মেহেরপুর জেলা জাতীয় পার্টির উদ্যোগে ৫শতাধিক শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করেন।

বৃহস্পতিবার সকালে জেলা জাতীয় পার্টির কার্যালয়ে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে জেলা জাতীয় পার্টির সদস্য মামলত হোসেনের সঞ্চালনায় ও যুগ্ন আহবায়ক কেতাব আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন মেহেরপুর জেলা জাতীয় পার্টির আহবায়ক আব্দুল হামিদ, প্রধান বক্তা হিসাবে বক্তব্য দেন আব্দুল মান্নান সদস্য, জেলা জাতীয় পার্টির অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন জেলা জাতীয় পার্টির সদস্য বাবলু হোসেন, কুতুব উদ্দিন, রুহুল আমিন সহ অন্যান্য নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

গাংনীতে সাত কোটি টাকা ব্যয়ে তিনটি প্রকল্পের উদ্বোধন

মেহেরপুরের গাংনী উপজেলাতে প্রায় সাত কোটি টাকার তিনটি উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন করা হয়েছে।

বৃহস্পতিবার এ প্রকল্পের উদ্বোধন করেন মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন। পকল্প গুলোর মধ্যে রয়েছে ৬৬ লক্ষ ২২ হাজার টাকা ব্যয়ে তেঁতুলবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের চার তলা ভবন, ৪২ লক্ষ ৪৫ হাজার ৫৩১ টাকা ব্যয়ে ইসলামপুর সড়ক উন্নয়ন ও ৫ কোটি ৫৭ লক্ষ ৪৭ হাজার ২৯৩ ব্যয়ে কাথুলী – কাজিপুর বাজার পর্যন্ত রাস্তা উন্নয়নকাজ।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তেঁতুলবাড়ী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস, উপজেলা প্রকৌশলী ফয়সাল হোসেন,

উপজেলা আওয়ামীলীগের সাবেক সাধারণ গোলাম মোস্তফা, সাবেক সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মনি, আওয়ামী লীগ নেতা মনিরুজ্জামান আতুসহ বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

হোটেল আটলান্টিকা কাণ্ডের অন্যতম আসামি শাহজাহান গ্রেফতার

হোটেল আটলান্টিক কাণ্ড মামলার তদন্তে প্রাপ্ত সরাসরি জড়িত নাজনীন খান প্রিয়ার সহযোগী ক্যামেরা ম্যান এবং তার কথিত বয়ফ্রেন্ড শাহজাহান আলী ওরফে বেতার (২৪) কে আটক করেছে ডিবি পুলিশ।

গ্রেফতারকৃত শাহজাহান আলী মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর পূর্বপাড়ার এসকেন আলীর ছেলে।

মঙ্গলবার ডিবির একটি টিম ঢাকার রুপনগর থানা এলাকা থেকে তাকে গ্রেফতার করে মেহেরপুরে নিয়ে আসে। পরে গতকাল বুধবার বিকালে মেহেরপুরের সিনিয়র জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট মো: তারিক হাসানের আদালতে হাজির করা হলে। বিজ্ঞ বিচারকের খাসকামরায় শাহজাহান আলী ফৌজদারী কার্যবিধির ১৬৪ ধারায় জবানবন্দি প্রদান করে।

আসামী শাহজাহান তার জবানবন্দিতে আটলান্টিক হোটেলে অনৈতিক কাজের ভিডিও ধারন করে ব্লাকমেইলিং করে চাঁদা দাবি ও আদায়ের কথা স্বীকার করে এবং তার সহযোগী অপরাপর আসামীদের নাম উল্লেখ করে।

ডিবির ওসি সাইফুল আলম জানান, মামলার ঘটনা সম্পর্কে কিছু গুরুত্বপূর্ণ আলামত উদ্ধার করা হয়। মামলাটি গভীর তদন্তের স্বার্থে প্রকাশিত সহযোগী অন্যান্যদের নাম উল্লেখ করা সম্ভব হলো না।

প্রসঙ্গত, ২০২২ সালের ২২ নভেম্বর মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের মনোয়ার হোসেন নামের এক এনজিও কর্মীর সদর থানায় নারী

চক্রের প্রধান হোতো প্রিয়া খানকে আসামি করে দণ্ডবিধির ৪১৭/৩৮৫/৩৮৬/৫০৬ ধারায় একটি মামলা করেন। যার মামলা নম্বর-৩২। মামলার দিন রাতেই শহরের হোটেলবাজার এলাকার ভাড়া বাসা থেকে প্রধান আসামি নাজনীন খান প্রিয়াকে আটক করে পুলিশ। পরে মামলাটি ডিবির কাছে হস্তান্তর করা হয়। ডিবি মামলার দায়িত্ব পাওয়ার পর তদন্ত শুরু করে। তদন্তে নানা চাঞ্চল্যকর তথ্য বেরিয়ে আসে।

তদন্তের অংশ হিসেবে ৩০ নভেম্বর রাতে হোটেল আটলান্টিকায় অভিযান চালিয়ে অর্থ আদায় চক্রের হোতা মেহেরপুর শহরের অভিজাত হোটেল আটলান্টিকার মালিক মতিয়ার, মতিয়ারের ছেলে মামুন ও ছন্দা খাতুন নামের এক নারীকে গ্রেফতার করে পুলিশ। পরে ছন্দা খাতুন আদালতে জবানবন্দিতে চক্রের মূল হোতা হিসেবে চার সাংবাদিক ও এক আইনজীবীকে অভিযুক্ত করে আদালতে জবানবন্দি প্রদান করে।

এ নিয়ে গত ১ ডিসেম্বর মেহেরপুর প্রতিদিনে প্রধান শিরোনামে সংবাদ প্রকাশ হলে মেহেরপুরসহ আশেপাশের জেলাগুলোতে তোলপাড় ফেলে দেয়। এই মামলায় ইতোমধ্যে চার সাংবাদিকের মধ্যে মিজানুর রহমান জনিকে শোন এ্যারেস্ট দেখানো হয়েছে। তিনি মেহেরপুরে জেলা কারাগারে হাজত বাস করছেন। এছাড়াও হোটেল আটলান্টিকা কাণ্ড মামলায় শাহজাহান আলীকে দিয়ে পুলিশের কাছে গ্রেফতার হয়ে এ পর্যন্ত ৮ আসামি কারাগারে হাজত বাস করছেন। জবানবন্দিতে অভিযুক্ত বেশ কিছু আসামি পলাতকও রয়েছে।

গাংনীতে উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমকে বিভিন্ন মহলের বিদায়ী সংবর্ধনা প্রদান

গাংনী উপজেলার বিদায়ী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের পদন্নতি বদলিতে বিভিন্ন মহল থেকে বিদায়ী সংর্বধনা প্রদান করা হয়েছে।

বুধবার সকাল থেকে সারাদিন পৃথক পৃথক ভাবে তাঁকে সংবর্ধনা প্রদান

করা হয়। প্রথমে উপজেলার বীর মুক্তিযোদ্ধাদের পক্ষ থেকে সংবর্ধনা দেয়া হয়েছে। উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে সংবর্ধনা প্রদানের আয়োজন করেন জাতীর শ্রেষ্ট সন্তান বীর মুক্তযোদ্ধারা। সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখেন উপজেলা মুক্তিযোদ্ধা সাবেক কমান্ডার মুন্তাজ আলী, বীর মুক্তিযোদ্ধা পাতান আলী,বীর মুক্তিযোদ্ধা গোলাম আলীসহ অনেকে।

দুপুরে অফিসারর্স ক্লাবের পক্ষ থেকে সংবর্ধনা প্রদান করা হয়েছে। বিকেলে গাংনী প্রেসক্লাবের পক্ষ থেকে সংবর্ধনা প্রদান করা হয়েছে। এসময় উপজেলা নির্বাহী অফিসারের কর্মজীবন নিয়ে প্রশংসামুলক আলোচনা করা হয়। এসময় বক্তব্য রাখেন প্রেসক্লাবের সভাপতি তৌহিদ উদ দৌলা রেজা,সাধারণ সম্পাদক মাহাবুব আলম, আরটিভি প্রতিনিধি মাজেদুল হক মানিকসহ প্রেসক্লাবের সকল সাংবাদিক বৃন্দ।

পরে উপজেলা ভুমি অফিসারের পক্ষ থেকে সংবর্ধনা প্রদান করা হয়েছে। এসময় ভুমি অফিসরে কর্মকর্তা কর্মচারিবৃন্দরা উপস্থিত ছিলেন। অন্যদিকে গাংনী উপজেলা প্রেসক্লাবের পক্ষ থেকে বিদায় উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমকে বিদায়ী সংবর্ধনা প্রদান করা হয়েছে। সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখেন, উপজেলা প্রেসক্লাবের সভাপতি এম এ লিংকন, সাধারণ সম্পাদক পাভেলসহ সাংবাদিকবৃন্দরা।

এছাড়াও উপজেলা বিভিন্ন সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের পক্ষ থেকে মৌসুমী খানমকে সংবর্ধনা প্রদান করা হয়েছে।

প্রসংগতঃ বিগত ১৭/০৫/২০২১ ইং তারিখে মৌসমী খানম গাংনী উপজেলা নির্বাহী অফিসার হিসেবে যোগদান করেন। দীর্ঘদিন সুনামের সাথে গাংনী উপজেলা নির্বাহী অফিসার হিসেবে দায়িত্ব পালনের পর এডিসি হিসেবে তিনি পদন্নতি প্রাপ্ত হন।

তিনি জানান, জামালপুর জেলা প্রশাসকের কার্যালয়ে তিনি অতিরিক্ত জেলা প্রশাসক(এডিসি) হিসেবে যোগদান করবেন।

মুজিবনগরে ৪০ বোতল ফেনসিডিলসহ মাদক ব্যাবসায়ী আটক

মেহেরপুরের মুজিবনগরে ৪০ বোতল ফেনসিডিলসহ শাওন আলী(৩৫) নামের এক মাদক ব্যাবসায়ীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

বুধবার বেলা ১২ টার দিকে দারিয়াপুর বাজারের থেকে দারিয়াপুর ঘোষ পাড়া অভিমুখে রাস্তা থেকে তাকে আটক করা হয়। আটকৃত শাওন আলী মুজিবনগর উপজেলার দারিয়াপুর ঘোষপাড়ার খোকন আলী শেখের ছেলে।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মেহেদী রাসেল জানান,আটককৃত শাওন আলী একটি বাজার করা প্লাষ্টিকের ব্যাগে করে ফেনসিডিল নিয়ে বিক্রির উদ্যেশে দারিয়াপুর বাজারে অবস্থান করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে এসআই উত্তম,এসআই বিপ্লব ও এসআই সাহেব আলী সেখানে অভিযান চালায়।

অভিযান চলাকালীন সময়ে দারিয়াপুর বাজার হতে ঘোষ পাড়া অভিমুখে জমির উদ্দীনের বাড়ির পিছনে রাস্তা থেকে তাকে হাতেনাতে আটক করে। তার নামে মাদক নিয়ন্ত্রন আইনে মামলা দিয়ে কোর্টের মাধ্যেমে জেল হাজতে পাঠানো হবে বলেও তিনি জানান।

গাংনীতে হেরোইনসহ একজন আটক

মেহেরপুরের গাংনীতে ৫ গ্রাম হেরোইনসহ আশরাফুল আলম(৪২) নামের এক মাদক কারবারিকে আটক করেছে থানা পুলিশ। গতকাল মঙ্গলবার(১৭ জানুয়ারী) বিকাল ৫টার দিকে তেতুঁলবাড়িয়া হাজিপাড়া মসজিদের সামনে থেকে গ্রপ্তার করে।আশরাফুল আলম গাংনীর খাসমহল গ্রামেন নফল মালিথার ছেলে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, হেরোইন কারবারি আশরাফুল আলম হেরোইন নিয়ে অবস্থান করছে মর্মে খবরের ভিত্তিতে এসআই মাসুদ ও সঙ্গীয় ফোর্স অভিযান চালায়। এসময় তার দেহ তল্লাশী করে হেরোইন

পাওয়া গেলে তাকে গ্রেপ্তার করে। তার বিরুদ্ধে মাদক মামলাসহ বুধবার মেহেরপুর আদালতে প্রেরণ করা হবে।

গাংনীতে এশিয়ান টেলিভিশনের প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

মেহেরপুরের গাংনীতে এশিয়ান টেলিভিশনের ১০ম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে। বুধবার সকাল ১০টায় গাংনী এ্যাডভান্স মেডিকেয়ার হল রুমে প্রতিষ্ঠা বার্ষিকীর এই অনুষ্ঠান পালিত হয়।

এশিয়ান টেলিভিশনের গাংনী উপজেলা প্রতিনিধি মিনারুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনীর কৃতি সন্তান স্বাধীনতা চিকিৎসক পরিষদের কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদের সদস্য ডা. এএসএম নাজমুল হক সাগর।

অনুষ্ঠানের শুরুতে দৈনিক আমাদের সূর্যদোয় পত্রিকার নির্বাহী সম্পাদক জুলফিকার আলী কাননের সঞ্চালনায় এশিয়ান টেলিভিশনের দীর্ঘ ১০ বছরের সাফল্য নিয়ে আলোচনা করা হয়। আলোচনা অনুষ্ঠান শেষে কেক কাটার মধ্য দিয়ে এশিয়ান টেলিভিশনের ১০ম বর্ষপূর্তি পালন করা হয়।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, গাংনী প্রেস ক্লাবের সভাপতি তৌহিদ উদ দৌলা রেজা, সাধারণ সম্পাদক মাহবুব আলম, আরটিভি’র জেলা প্রতিনিধি মাজেদুল হক মানিক, একাত্তর টিভির সাংবাদিক মজনুর রহমান আকাশ, বাংলা টিভির জেলা প্রতিনিধি আক্তারুজ্জামান, মেহেরপুর রিপোর্টাস ক্লাবের সহ-সভাপতি আল আমিন হোসেন, দৈনিক ভোরের ডাক পত্রিকার প্রতিনিধি জুরাইস ইসলাম, গেø◌াবাল টিভি’র জেলা প্রতিনিধি রাব্বি আহম্মেদ, বিডি২৪লাইভ ডটকমের জেলা

প্রতনিধি জাহিদ মাহমুদ, লাখো কণ্ঠের জেলা প্রতিনিধি রফিকুল আলম বকুল, মেহেরপুর চোখের বার্তা সম্পাদক মীর শামীম, দৈনিক স্বাধীন মত পত্রিকার প্রতিনিধি আব্দুল আলিম, সাবেক ছাত্র নেতা ও শিক্ষক রকিবুল ইসলাম, কৃষক লীগের গাংনী উপজেলার শাখার সাধারণ সম্পাদক

মসিউর রহমান পলাশ, গাংনী থানা ওসি’র প্রতিনিধি সেকেন্ড অফিসার এসআই মাসুদ, মাহি ক্লিনিকের পরিচালক উম্মে সালমা, জেলা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ইমরান হাবীব, মেহেরপুর টিভির এ্যাডমিন তানজিজুর রহমান তপন প্রমুখ।

অনুষ্ঠানে বক্তারা এশিয়ান টেলিভিশন, এশিয়ান টেলিভিশনের গাংনী উপজেলা প্রতিনিধি মিনারুল ইসলামসহ এশিয়ান টেলিভিশনের সকল কলাকৌশলীদের স্বার্বিক মঙ্গল কামনা করেন।

মেহেরপুরে শুভসংঘের নতুন কমিটির অভিষেক ও পরিকল্পনা সভা

মেহেরপুরে প্রতিমাসে অন্তত একটি করে ভালো কাজ করার প্রত্যয় নিয়ে অনুষ্ঠিত হলো নতুন কমিটির অভিষেক ও পরিকল্পনা সভা।

আজ মঙ্গলবার (১৭ জানুয়ারি) দুপুরে মেহেরপুর প্রতিদিন পত্রিকা অফিসের হলরুমে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

কালের কন্ঠ শুভসংঘ মেহেরপুর জেলা শাখার সভাপতি অধ্যাপক নূরুল আহমেদের সভাপতিত্বে অতিথি হিসেবে বক্তব্য দেন কালের কণ্ঠ জেলা প্রতিনিধি শুভসংঘর জেলা শাখার প্রধান উপদেষ্টা ইয়াদুল মোমিন, সাংবাদিক মাহাবুব চান্দু, রেজ আন উল বাসার, শহিদুল ইসলাম, আব্দুর রাজ্জাক, কামরুল ইসলাম।

শুভ সংঘের নতুন কমিটির সাধারণ সম্পাদক ফিরোজ আহমেদ পলাশের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য দেন সহ সভাপতি বশির উদ্দিন, রফিকুল আলম বকুল, সাবেক সাধারণ সম্পাদক আল ইকরাম সোহাগ, যুগ্ম সাধারণ সম্পাদক বাদশা খান, নারী বিষয়ক সম্পাদক মৌসুমী খাতুন।

সভাপতি নতুন কমিটির সদস্যদের সঙ্গে পরিচিত সকলকে পরিচয় করিয়ে দেন।

নতুন কমিটিতে অন্যদের মধ্যে যুগ্ম সাধারণ সম্পাদক সাজিদ ইসলাম, সাংগঠনিক সম্পাদ আল মাসুম শেখ, সহ সাংগঠনিক সম্পাদক সোহেল রানা,

কোষাধ্যক্ষ আসিফ ইকবাল শুভ, দপ্তর সম্পাদক নাসিম হাসান, প্রচার সম্পাদক উবায়দুল্লাহ, বিজ্ঞান বিষয়ক সম্পাদক ইয়াসির ইউসুফ ইমন, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক নাফিউল ইসলাম, নির্বাহী সদস্য আরিফুল ইসলাম, ছানোয়ার হোসেন, আবু রায়হান নিরব, তামান্না তানভীর, তাহসিন হাদি ধ্রুব, সৈকত আহম্মেদ, তানজিমুল ইসলাম, সাগর আলী, আকাশ আলী, জাহিদুল ইসলাম।
এর আগে গত বৃহস্পতিবার বিকেলে নতুন কমিটি গঠন করা হয়।

নূরুল আহমেদকে পুনরায় সভাপতি করে ২৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। কমিটি গঠন শেষে মঙ্গলবার অভিষেক ও পরিকল্পনার সভার দিন নির্ধারণ করা হয়। পরিকল্পনা সভা শেষে মধ্যাহ্নভোজের মধ্য দিয়ে কর্মসূচী শেষ হয়।

মুজিবনগরের ৯ ইটভাটাকে ১৭ লাখ ৩০ হাজার টাকা জরিমানা, একটি বন্ধ

মেহেরপুরের মুজিবনগর উপজেলার ৯টি ইট ভাটায় অভিযান চালিয়ে ১৭ লাখ ৩০ হাজার টাকা জরিমানা এবং আয়ান ব্রিকস নামের একটি ইট ভাটার আংশিক উচ্ছেদ করে ভাটা কার্যক্রম বন্ধ করে দিয়েছে পরিবেশ অধিদপ্তরের ভ্রাম্যমাণ আদালত।

গতকাল মঙ্গলবার (১৭ জানুয়ারি) দুপুর থেকে বিকেল পর্যন্ত খুলনা পরিবেশ অধিদপ্তরের নির্বাহী ম্যাজিস্ট্রেট আশিফুর রহমানের নেতৃত্বে উপজেলাজুড়ে এই অভিযান পরিচালনা করা হয়। অবৈধভাবে ইটভাটা পরিচালনা এবং পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র না থাকায় এ অভিযান পরিচালনা করা হয়।

মুজিবনগর উপজেলার ভবানীপুরে রফিকুল ইসলামের গাজী ব্রিকসে ২ লক্ষ ১০ হাজার টাকা, ফারুক হোসেন এর জবা ব্রিকসে২ লক্ষ ১০ হাজার টাকা, গোপালনগর গ্রামের মোজাম্মেল হকের বিবিই ব্রিকসে ২ লক্ষ ১০ হাজার টাকা, মোনাখালী গ্রামের এমএনবি ব্রিকসে ১ লক্ষ ৫০

হাজার টাকা, গৌরীনগরের তৌফিকুল বারীর, মুকুল ব্রিকসে ২ লক্ষ টাকা, দারিয়াপুরে রোকনুজ্জামানের হীরা ব্রিকসে ২ লক্ষ টাকা, নুরুল ইসলামের ডালিম ব্রিকসে ২ লক্ষ টাকা, মোনাখালীর মোঃ লাভলুর এমএনসি ব্রিকসে ১ লক্ষ ৫০ হাজার টাকা, একই এলাকার মোঃ আব্দুর রশিদের শাপলা ব্রিকসে ২ লক্ষ টাকা জরিমানা আদায় করা হয়।

ভ্রাম্যমাণ আদালতের বিচারক পরিবেশ অধিদপ্তরের নির্বাহী ম্যাজিস্ট্রেট আশিফুর রহমান জানান, মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার বিভিন্ন ইটভাটাতে অভিযান পরিচালনাকালে ভাটাগুলোতে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র না থাকা, অবাধে কাঠ পোড়ানো, শিক্ষা প্রতিষ্ঠানের নিকট স্থানে এবং ফসলী জমি ধ্বংস করে ইটভাটা তৈরি করার অপরাধে মুজিবনগর উপজেলার নয়টি ইটভাটার কাছ থেকে ১৭ লাখ ৩০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।এ সময় মুজিবনগরের কেদারগঞ্জ বাজারে অবস্থিত আয়ান বিক্সকের আংশিক উচ্ছেদ করে ভাটা বন্ধের নির্দেশ দেওয়া হয়েছে।

তিনি জানান- এই অভিযান পর্যায়ক্রমে জেলার সব উপজেলায় চলবে। তিনি জানান-আদালত ইটভাটার মাটি পড়ে সরকারী রাস্তার ক্ষতি, জনদুর্ভোগ সৃষ্টি, সড়ক চলাচলকারীদের জন্য জীবনের হুমকী বিষয়টিকে দন্ডবিধির ২৯০ ও ৪৩১ ধারা অনুযায়ী ফৌজদারী অপরাধ হিসাবে গণ্য করেছেন। সেই সাথে জেলায় অধিকাংশ ইটভাটা লাইসেন্সবিহীন, অবৈধ এবং শিক্ষা প্রতিষ্ঠান ও আবাসিক এলাকা সংলগ্ন এবং ফসলী জমি ধ্বংস করে স্থাপন হওয়ার বিষয়টি ইটভাটা প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪ ও ৮ এর লঙ্ঘন এবং উক্ত আইনের ধারা ১৪ ও ১৮ অনুযায়ী অর্থদন্ড ও শাস্তিযোগ্য অপরাধ হিসাবে গণ্য করেছেন। পরিবেশ অধিদপ্তরের কুষ্টিয়া অঞ্চলের উপপরিচালক আতাউর রহমান বলেন, মেহেরপুর জেলায় ৯৩টি ইট ভাটার মধ্যে ১টি মাত্র ইটভাটার পরিবেশের ছাড়পত্র রয়েছে। অবৈধ এই সমস্ত ইটভাটা বন্ধে স্থানীয় প্রশাসনকে তালিকা দিয়েও ব্যবস্থা না নেওয়ায় এই অভিযান শুরু হয়েছে।

নাম প্রকাশে অনিচ্ছুক একাধিক ইটভাটা মালিক অভিযোগ করে বলেন, আমাদের পরিবেশের অধিদপ্তরের লাইসেন্স দেওয়া হচ্ছে না। জেলা প্রশাসনসহ বিভিন্ন মহলকে প্রতিবছর মোটা অংকের টাকা দিয়ে ইটভাটা গুলো চালাতে হয়। পরিবেশ লাইসেন্স দিলে আমাদের নিতে সমস্যা নেই। কোটি কোটি টাকা বিনিয়োগ করে ব্যবসা করি। লক্ষ লক্ষ টাকা ভ্যাট ও ট্যক্স দিই। এরপরেও প্রতিবছর এভাবে আমাদের জরিমানা করা হয়।

এর আগে গত ৭ জানুয়ারি মেহেরপুরের সিনিয়র জুডিশিয়াল

ম্যাজিষ্ট্রেট-১ম আদালতের বিচারক এস এম শরিয়ত উল্লাহ অবৈধ ইটভাটা বন্ধ সহ ইট ভাটার মাটি পড়ে সরকারী রাস্তার ক্ষতি, জনদুর্ভোগ সৃষ্টি, সড়ক চলাচলকারীদের জন্য জীবনের হুমকী বিষয়টিকে দন্ডবিধির ২৯০ ও ৪৩১ ধারা অনুযায়ী ফৌজদারী অপরাধ হিসাবে গণ্য করে স্ব-প্রণোদিত আদেশ জারী করে ২৩ জানুয়ারীর মধ্যে প্রতিবেদন দাখিল পূর্বক ব্যবস্থা নিতে বিশেষ পুলিশ সুপার, পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই) কুষ্টিয়াকে এবং উপ-পরিচালক, পরিবেশ অধিদপ্তর, কুষ্টিয়াকে নির্দেশ দিয়েছেন।

মুজিবনগরের মহাজনপুরে যুবমহিলা লীগের উঠান বৈঠক অনুষ্ঠিত

উন্নয়নের অগ্রযাত্রায় বাংলাদেশ। সরকারের সাফল্য ও প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার উন্নয়নের ধারা এবং প্রিয় নেতার কথা তৃণমূলে পৌঁছে দেওয়ায় লক্ষ্য বিশেষ করে মহিলাদের মাঝে তুলে ধরার মাধ্যমে, শেখ হাসিনার হাতকে শক্তিশালী করে, আগামী নির্বাচনে মাননীয় জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেনকে পুনরায় নির্বাচিত করার মাধ্য দিয়ে মেহেরপুর মুজিবনগরের উন্নয়নের ধারাকে অব্যাহত রাখতে মুজিবনগর উপজেলায় মহাজনপুর ইউনিয়নে ইউনিয়ন যুব মহিলালীগের আয়োজনে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকেলে মুজিবনগর উপজেলার মহজনপুর ইউনিয়নের গোপালপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে, মহাজনপুর ইউনিয়ন যুব মহিলা লীগের সভাপতি গুলশান আরা এর সভাপতিত্বে,এবং মেহেরপুর জেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদিকা এ্যাড: রুত শোভা মন্ডল এর সঞ্চালনায় এই উঠান বৈঠকে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর যুব মহিলা লীগের প্রতিষ্ঠাতা এবং সাবেক কেন্দ্রীয় যুব মহিলা লীগের নেত্রী ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেনের সুযোগ্য সহধর্মিনী সৈয়দা মোনালিসা ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্হিত ছিলেন, মহাজনপুর ইউনিয়নের পরিষদের চেয়ারম্যান ও মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের (সাবেক) সাধারণ

সম্পাদক আমাম হোসেন মিলু,উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুন, উপজেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদিকা তহমিনা খাতুন,জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন। উঠান বৈঠকে উপজেলা ও মহাজনপুর ইউনিয়ন যুব মহিলা লীগের নেতাকর্মীবৃন্দ এবং বিপুল সংখ্যাক যুব মহিলা লীগের কর্মী ও সমর্থকবৃন্দ উপস্হিত ছিলেন।